



মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজে বার্ষিক পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি মিস হুয়া দু -যায়যায়দিন

বাংলাদেশে শিক্ষা ক্ষেত্রে এডিবি'র সহায়তা অব্যাহত থাকবে : হুয়া দু

যায়যায়দিন রিপোর্ট

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) কান্ট্রি ডিরেক্টর হুয়া দু প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষায় এডিবি'র সহায়তার কথা উল্লেখ করে বলেছেন, বাংলাদেশে শিক্ষা ক্ষেত্রে এডিবি'র সহায়তা অব্যাহত থাকবে। গতকাল সকালে মোহাম্মদপুর প্রিপারেটরি অ্যান্ড হায়ার সেকেন্ডারি স্কুল মাঠে অনুষ্ঠিত স্কুলের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান

অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন স্কুলের পরিচালনা কমিটির চেয়ারম্যান ও সাবেক সচিব কাজী আজহার আলী ও ইংরেজি শাখার অধ্যক্ষ বেলায়েত হোসেন। অনুষ্ঠানের মধ্যে আরো উপস্থিত ছিলেন বাংলা শাখার অধ্যক্ষ কর্নেল (অব) মোকাররম হোসেন, ইংরেজি শাখার রেস্তর

বাংলাদেশে শিক্ষা ক্ষেত্রে এডিবি'র

(শেষ পৃষ্ঠার পর)

মিজানুর রহমান খান, পরিচালনা পরিষদের ভাইস চেয়ারম্যান এম এ মালেক, সেক্রেটারি মশিউর রহমান, প্রাইমারি শাখার (বালক) তত্ত্বাবধায়ক নিগার নাজনীন, প্রাইমারি শাখার (বালিকা) তত্ত্বাবধায়ক জিন্নাতুন নেসা প্রমুখ।

অনুষ্ঠানে হুয়া দু বলেন, মোহাম্মদপুর প্রিপারেটরি অ্যান্ড হায়ার সেকেন্ডারি স্কুল এ দেশের শিক্ষা ব্যবস্থায় একটি মডেল প্রতিষ্ঠান।

নিষ্ঠার সঙ্গে শিক্ষাদান এবং বিভিন্ন প্রভাব থেকে মুক্ত হয়ে প্রতিষ্ঠানটি এক অনন্য মান অর্জন করেছে। দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানও মানসম্মত শিক্ষার জন্য এ প্রতিষ্ঠান থেকে শিক্ষা নিতে পারে। তিনি আরো বলেন, নারীদের উন্নয়নের

জন্য আরো কার্যকর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। নারীদের শিক্ষা বিস্তারে মায়েরা বিশেষ ভূমিকা পালন করতে পারে।

কাজী আজহার আলী বলেন, মোহাম্মদপুর প্রিপারেটরি অ্যান্ড হায়ার সেকেন্ডারি স্কুলে এবার আরো দুটি নতুন বিষয় সংযোজিত হচ্ছে। তা হচ্ছে একটি মডার্ন জিমনেশিয়াম এবং একটি ল্যান্ডস্কেপ ল্যান্ডস্কেপের টি। তিনি আরো বলেন, মডার্ন শিক্ষা সরঞ্জাম এবং দক্ষ ও মেধাবী শিক্ষকমণ্ডলীর আন্তরিকতার কারণে এ প্রতিষ্ঠানটি একটি মডেল স্কুলে পরিণত হয়েছে।

আলোচনা শেষে হুয়া দু মেধাবী ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এরপর স্কুলের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।